

দ্বিতীয় অধ্যায়

ভোক্তা ও উৎপাদকের আচরণ

গুরুত্বপূর্ণ জ্ঞান ও অনুধাবনমূলক প্রশ্ন

চলক, ধ্রুবক, ঢাল

১। চলক (Variable) কী?

উত্তর : চলক হলো এমন কিছু প্রতীক বা রাশি, যার মান পরিবর্তনশীল। চলককে সাধারণত ইংরেজি বর্ণ x , y , z ইত্যাদি দ্বারা প্রকাশ করা হয়।

২। স্বাধীন চলক (Independent Variable) কী?

উত্তর : যেসব চলক ইচ্ছামতো মান গ্রহণ করতে পারে, সেসব চলককে স্বাধীন চলক বলে।

৩। অধীন চলক (Dependent Variable) কী?

উত্তর : যেসব চলক ইচ্ছামতো মান গ্রহণ করতে পারে না অর্থাৎ স্বাধীন চলকের ওপর নির্ভরশীল, সেসব চলককে অধীন চলক বলে।

৪। ধ্রুবক (Constant) কী?

উত্তর : ধ্রুবক হলো এমন কিছু প্রতীক বা রাশি, যার মান পরিবর্তন হয় না; অর্থাৎ অপরিবর্তিত বা স্থির থাকে। ধ্রুবককে সাধারণত ইংরেজি বর্ণ a , b , c ইত্যাদি দ্বারা প্রকাশ করা হয়।

৫। অর্থনৈতিক চলক (Economic Variable) কী?

উত্তর : অর্থনীতির বিভিন্ন তত্ত্ব বা ধারণা ব্যাখ্যার ক্ষেত্রে যেসব রাশির মান স্থান-কাল-পাত্রভেদে পরিবর্তিত হয় সেগুলোকে অর্থনৈতিক চলক বলে। যেমন—দাম (P), চাহিদা (D), জোগান (S) ইত্যাদি।

৬। অপেক্ষক (Function) কী?

উত্তর : স্বাধীন চলক ও অধীন চলকের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতার সম্পর্ককে অপেক্ষক বলা হয়।

যেমন, $y = f(x)$

৭। চাহিদা অপেক্ষক কাকে বলে?

উত্তর : দাম ও চাহিদার মধ্যে পারস্পরিক নির্ভরশীলতার সম্পর্ককে চাহিদা অপেক্ষক বলা হয়।

অর্থাৎ $Q_d = f(P)$

৮। জোগান অপেক্ষক কাকে বলে?

উত্তর : দাম ও জোগানের মধ্যে পারস্পরিক নির্ভরশীলতার সম্পর্ককে জোগান অপেক্ষক বলা হয়।

অর্থাৎ $Q_s = f(P)$

৯। সমীকরণ (Equation) কী?

উত্তর : দুটি বীজগাণিতিক রাশি যদি সমতা চিহ্ন দ্বারা যুক্ত থাকে এবং তা যদি চলরাশির এক বা একাধিক মানের জন্য সত্য প্রমাণিত হয়, তখন তাকে সমীকরণ বলা হয়।

১০। রৈখিক সমীকরণ (Linear Equation) কী?

উত্তর : কোনো সমীকরণের স্বাধীন চলকের সর্বোচ্চ ঘাত ১-এর সমান হলে তাকে সরলরৈখিক বা একঘাত সমীকরণ বলে।

১১। মূল বিন্দু (Origin) কী?

উত্তর : ভূমি অক্ষ ও লম্ব অক্ষ পরস্পর যে বিন্দুতে ছেদ করে তাকে মূল বিন্দু বলে। এ বিন্দুতে উভয় চলকের মান শূন্য।

১২। চতুর্থাঙ্ক (Quadrant) কী?

উত্তর : ভূমি অক্ষ ও লম্ব অক্ষ পরস্পরকে ছেদ করলে যে চারটি অঞ্চল পাওয়া যায়, তাদের প্রতিটি অঞ্চলকে একেকটি চতুর্থাঙ্ক বলে।

চাহিদা

১৩। চাহিদা কী?

উত্তর : সাধারণত কোনো কিছু পাওয়ার আকাঙ্ক্ষাকে চাহিদা বলা হয়। তবে অর্থনীতিতে কোনো দ্রব্য পাওয়ার আকাঙ্ক্ষা, ওই দ্রব্যের জন্য অর্থ ব্যয়ের সামর্থ্য এবং ওই দ্রব্যের জন্য অর্থ ব্যয় করার ইচ্ছা থাকলে তাকে চাহিদা বলা হয়।

১৪। চাহিদা বিধি কী?

উত্তর : অন্যান্য অবস্থা স্থির থেকে কোনো দ্রব্যের দাম কমলে তার চাহিদার পরিমাণ বাড়ে, বিপরীত অবস্থায় দাম বাড়লে চাহিদার পরিমাণ কমে, ইহাই চাহিদা বিধি।

১৫। চাহিদা বিধির প্রবৃত্তি কে?

উত্তর : অধ্যাপক মার্শাল।

১৬। একটি সরলরেখার বিভিন্ন বিন্দুতে ঢাল কেমন হয়?

উত্তর : একটি সরলরেখার বিভিন্ন বিন্দুতে ঢাল একই রকম বা স্থির থাকে।

১৭। ভোক্তার আয় কমলে নিকৃষ্ট দ্রব্যের চাহিদা কিরূপ হয়?

উত্তর : ভোক্তার আয় কমলে নিকৃষ্ট দ্রব্যের চাহিদা বাড়ে।

১৮। একটি সমপরাবৃত্তাকার চাহিদারেখার সমীকরণ লেখো।

উত্তর :

$$PQ = 24 \text{ বা } Q = \frac{24}{P}$$

১৯। ভোক্তার উদ্ভূত কী?

উত্তর : ভোক্তা কোনো দ্রব্যের জন্য যে দাম দিতে ইচ্ছুক এবং প্রকৃতপক্ষে সে যে দাম দেয়—এ দুইয়ের ব্যবধানকে ভোক্তার উদ্ভূত বলা হয়।

২০। চাহিদাসূচি কী?

উত্তর : একটি নির্দিষ্ট সময়ে বিভিন্ন দামে ক্রেতা যে পরিমাণ দ্রব্য ক্রয় করতে ইচ্ছুক থাকে তার তালিকাকে চাহিদাসূচি বলে।

২১। ব্যক্তিগত চাহিদাসূচি কী?

উত্তর : একটি নির্দিষ্ট সময়ে বিভিন্ন দামে একজন ব্যক্তি কোনো দ্রব্যের যে বিভিন্ন পরিমাণ ক্রয় করতে ইচ্ছুক থাকে, তার তালিকাকে ব্যক্তিগত চাহিদাসূচি বলে।

ishtiak uddin

বাড়ির কাজঃ

- ১) ৫টি চাহিদা অপেক্ষক তৈরী কর।
- ২) ৫টি যোগান অপেক্ষক তৈরী কর।
- ৩) ৫টি চাহিদাসূচী তৈরী কর।
- ৪) ৫টি যোগানসূচী তৈরী কর।
- ৫) চাহিদা ও যোগান সূচী থেকে চাহিদা ও যোগান রাখা তৈরী কর।